

Class – 5

Subject : Bengali (2nd Language)

Topic : রাম ও কার্তিক গনেশ

আলোচ্য অংশটি ‘রামের সুমতি’ গল্পের একটি অংশ। এখানে রামের দুরন্তপনার কথাই বলা হয়েছে। অনেক দিনের পুরানো দুটো খুব বড়ো রুই মাছ পুকুরের ঘাটের কাছে ঘুরে বেড়াতো। রাম ওই মাছ দুটোর নাম দিয়েছিল কার্তিক ও গনেশ। রাম বলত ওই দুটো তার পোষা মাছ। কিন্তু একদিন রামের বৌদি নারায়ণীর মা দিগম্বরী অতিথিকে খাওয়াবার জন্য মাছ না পেয়ে রামেরই পোষা একটি রুই মাছ যার নাম কার্তিক – তাকে ধরে আনে। রামেরই এই পোষা মাছ কার্তিক গনেশের খবর তার বৌদি নারায়ণীও জানতো। তার মা দিগম্বরী যে সেই মাছই ধরতে বলেছেন, তা সে জানত না। মাছ যখন তোলা হল তখন নারায়ণী দেখল রামের পোষা মাছের একটিকে তুলে আনা হয়েছে। এ খবর শুনলে রাম যে কী অনাসৃষ্টি করবে তা ভেবে বৌদি ভয় পেলেন। যথা সময়ে চাকর ভোলা গিয়ে রামকে মাছ ধরার কথা বলে দেয়। রাম সে খবর শুনে এক দৌড়ে বাড়িতে এসে দেখে সত্যিই কার্তিককে নয়, গনেশকে ধরে আনা হয়েছে। তখন সে বৌদিকে চীৎকার করে বলতে থাকে যে তার বৌদি কেন অমনভাবে তার ‘গনেশকে’ ধরে আনলো। তারপর সে দুঃখে ও রাগে মাটিতে উপুড় হয়ে শুয়ে পড়ে হাত-পা ছুঁড়তে লাগল।

অনুশীলনীর প্রশ্নগুলির উত্তর লেখ pages 74 – 75

১) সংক্ষিপ্ত উত্তরধর্মীঃ-

- i. কার্তিক – গনেশ কাদের নাম?
- ii. ওদের সাথে রামের সম্পর্ক কী?
- iii. ভোলা, ভগা, নেত্য – এরা কারা?
- iv. নারায়ণী রামের কে হন?
- v. দিগম্বরী নারায়ণীর কে হন?

২) নীচের শব্দগুলির অর্থ লেখোঃ-

- i. গোটা দুই
- ii. বিবরণ
- iii. হতভাগা
- iv. হুকুক
- v. হাড়ে বাতার লাগা
- vi. হিতাহিতজ্ঞানশূন্য
- vii. লেশমাত্র
- viii. ঝড়ের বেগে
- ix. কাটা ছাগোলের মত
- x. সকাল সকাল
- xi. মেরেধরে

৩) নীচের শব্দগুলির পদ পরিবর্তন করোঃ-

- i. বিবরণ
- ii. খ্যাতি
- iii. হিম
- iv. শিহরিয়া
- v. প্রয়োজন

৪) নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখোঃ-

- i. পুন্য
- ii. খ্যাতি
- iii. ভয়
- iv. উদ্যত
- v. কঠোর

৫) শূন্যস্থান পূরণ করঃ-

এমন সময় এরূপ (i) _____ তাঁহাকে (ii) _____ করিয়া তুলিল। তিনি (iii) _____ (iv) _____ (v) _____ ঘষিয়া গলার মালাটা উঁচু করিয়া ধরিয়া বলিয়া (vi) _____ (vii) _____, কি (viii) _____ আমার।

৬) বন্ধনীর মধ্য থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে বাক্যটি আবার লেখোঃ-

- i. বহুদিনের পুরাতন গোটা - দুই খুব বড়ো গোছের (কাতলা/রুই/বোয়াল) মাছ ঘাটের কাছে সর্বদাই ঘুরিয়া বেড়াইত।
- ii. রাম বলিত এরা তার পোষা মাছ এবং নাম দিয়াছিল (ভগা/ভোলা/কৃষ্ণ/বলরাম/কার্তিক - গনেশ)।
- iii. নারায়ণী রামের (বৌদি/দিদি/মা) হন।
- iv. নারায়ণী (বাহিরের/ভিতরের/মনের) কথা জানিতে পারিলেন না।
- v. নৃত্যকালী রামের ওপর (সদয়/নির্দয়/দরদী) নহে।